

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
জয়পুরহাট  
(আই.সি.টি শাখা)

স্মারক নং- ০৫.৪৩.৩৮০০.০০৫.৯৯.১৯১.২০-১৫৩

তারিখ: ২০/০১/২০২০খ্রি.

বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা মোতাবেক উত্তমচর্চার তালিকা।


সূত্র : এ কার্যালয়ের প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ কার্যালয়ের জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৯-২০ এর কার্যক্রম অংশে উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার নিমিত্ত একটি উত্তমচর্চা তালিকা প্রণয়ন করা হয়েছে।

উত্তম চর্চার তালিকা:

- ১। ডে-কেয়ার সেন্টার স্থাপন করে অফিসকালীন কর্মকর্তা, কর্মচারীসহ অপেক্ষমান সেবাপ্রার্থীরা তাদের বাচ্চাকে বুকের দুধ খাওয়ানোর জন্য সার্বক্ষণিক ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে।
- ২। প্রতিবন্ধী সেবাগ্রহীতাদের জন্য ৩ টি হইল চেয়ার, ২ টি সাইকেল চালিত স্পেশাল হইল চেয়ারের ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে, যাতে করে কোন সেবাগ্রহীতা তাদের প্রাপ্য সেবা থেকে বঞ্চিত না হয়।
- ৩। ক্ষুদ্র নৃগোষ্ঠীদের সার্টিফিকেট প্রাপ্তির ক্ষেত্রে সরাসরি ইউএনও অফিসে আবেদন করার সুযোগ দানের মাধ্যমে সেবাগ্রহীতাদের ভোগান্তি কমিয়ে সেবা সহজীকরণ নিশ্চিত করা হয়েছে।
- ৪। সেবাগ্রহীতাদের জন্য অপেক্ষাগার ও শৌচাগার সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন ও ব্যবহার উপযোগী নিশ্চিত করা হয়েছে।
- ৫। প্রিন্টিং এর ক্ষেত্রে কাগজের উভয় পৃষ্ঠা ব্যবহার করার নির্দেশনা প্রদান করা হয়েছে।
- ৬। সেবাগ্রহীতার কথা ঋষ্যসহকারে শ্রবণের নির্দেশনা প্রদান করা হয়েছে।
- ৭। অভিযোগকারীর তথ্য গোপন ও তদানুযায়ী তদন্ত ও অনুসন্ধান করার নির্দেশনা প্রদান করা হয়েছে।
- ৮। যথাসময়ে তথ্য প্রাপ্তির নিশ্চয়তা প্রদান নিশ্চিত করা হয়েছে।
- ৯। সকাল ৯-০০টার মধ্যে সকল কর্মকর্তা-কর্মচারীগণের অফিসে আগমন ও ডিজিটাল হাজিরার মাধ্যমে উপস্থিতি ও প্রস্থান নিশ্চিত করা হয়েছে।
- ১০। বিদ্যুৎ ও পানি অপচয় রোধে অফিস ত্যাগের পূর্বে বৈদ্যুতিক সুইচ ও পানির লাইন বন্ধ নিশ্চিত করা হয়েছে।
- ১১। শাখায় পত্র প্রাপ্তির তিন দিনের মধ্যে সকল পত্র উপস্থাপন নিশ্চিত করা হয়েছে।

বিভাগীয় কমিশনার  
রাজশাহী বিভাগ  
রাজশাহী

  
২৫/০১/২০২০  
(মোহাম্মদ জাকির হোসেন)  
জেলা প্রশাসক  
জয়পুরহাট  
ফোনঃ ০৫৭১-৬২২০৮  
dcjoypurhat@mopa.gov.bd